



“বাংলাকে জানো”

পশ্চিমবঙ্গ সরকারের উচ্চশিক্ষা দফতরের অধীনস্থ ইনস্টিটিউট অফ ল্যাঙ্গুয়েজ স্টাডিজ এন্ড রিসার্চ ও মহানির্বাণ
ক্যালকাটা রিসার্চ গ্রুপের তত্ত্বাবধানে আয়োজিত একটি পাঁচদিন ব্যাপী কর্মশালার প্রস্তাব

কলকাতা, ১৭-২১ মার্চ, ২০২৫

পশ্চিমবঙ্গে বহু জাতি, ধর্ম ও ভাষাভাষী মানুষের বসবাস অনেক দিক থেকেই অভিনবত্বের সাক্ষী। বাংলায় যে এত ধরনের মেলা, উৎসব, পূজা-পার্বণের অস্তিত্ব আমরা দেখতে পাই তার জন্য বাংলার এই মিশ্র ভূ-প্রকৃতি ও বিচিত্র জনবৈচিত্রের উল্লেখযোগ্য অবদান রয়েছে। দেশভাগের বহু আগে থেকেই বহু মানুষ পরিযায়ী হয়ে কলকাতায় বা পশ্চিমবঙ্গের অন্য জেলা শহরগুলিতে এসেছেন বিভিন্ন রকম কাজের সন্ধানে। সেইসব পরিযায়ী মানুষদের সামাজিক-সাংস্কৃতিক জীবনযাপনের ছাপ পড়েছে পশ্চিমবঙ্গের সামাজিক ও সাংস্কৃতিক জীবনে। এই বৈচিত্রের গুণে সমৃদ্ধ হয়েছে পশ্চিমবঙ্গের অর্থনীতি, রাজনীতি, জনজীবন। কিন্তু এসব নিয়ে কলেজ বা বিশ্ববিদ্যালয় কিংবা উচ্চতর গবেষণার পরিসরের বাইরে চর্চা বিশেষ চোখে পড়ে না। এই অজ্ঞতার সুযোগ নিয়েই পশ্চিমবঙ্গ সম্পর্কে বিভিন্ন ভুল ধারণার সূত্রপাত।

সেই কারণেই পশ্চিমবঙ্গ সরকারের উচ্চশিক্ষা দফতরের অধীনস্থ ইনস্টিটিউট অফ ল্যাঙ্গুয়েজ স্টাডিজ এন্ড রিসার্চ (আই এল এস আর) ও মহানির্বাণ ক্যালকাটা রিসার্চ গ্রুপের যৌথ উদ্যোগে পশ্চিমবাংলার আর্থ-সামাজিক, রাজনৈতিক ও সাংস্কৃতিক ক্ষেত্রের বিভিন্ন দিক তুলে ধরতে একটি পাঁচ দিন ব্যাপী কর্মশালার আয়োজন করা হয়েছে। এই কর্মশালায় পশ্চিমবঙ্গের রাজনীতি, অর্থনীতি, ইতিহাস, শ্রমব্যবস্থা, ভূ-প্রকৃতি, শিল্প ও সংস্কৃতি নিয়ে অভিজ্ঞ গবেষক, শিক্ষক, সাংবাদিক ও সংস্কৃতিকর্মীরা পশ্চিমবঙ্গের একাধারে বৈচিত্রময় অথচ ঐক্যসন্ধানী দিকটি তুলে ধরবেন। যা শিক্ষাদানে, সাংবাদিকতায়, শিল্প ও সংস্কৃতি চর্চায়, প্রশাসনিক কাজে এবং গবেষণায় বিশেষ সহায়ক বলে পরিচিত হবে।

কর্মশালায় অংশগ্রহণের নিয়মাবলী

গবেষক, কলেজ বা বিশ্ববিদ্যালয়ের আংশিক বা পূর্ণ সময়ে সদ্য কাজে যোগ দিয়েছেন এমন শিক্ষক, তরুণ সাংবাদিক, স্বেচ্ছাসেবী ও অ-সরকারি সংস্থার কর্মী, তরুণ আইনজীবী, যাঁদের বয়স ৪০ বছরের মধ্যে তাঁরা এই কর্মশালায় যোগ দিতে আবেদন করতে পারবেন। আবেদনকারীদের প্রত্যেককে কয়েকটি বিষয় অবশ্যই মনে চলতে হবে।

ক) প্রত্যেক আবেদনকারীকে অবশ্যই বাংলা ভাষা বুঝতে হবে। পাশাপাশি বাংলায় স্বীকৃত ভাষার যেকোনও একটি বিষয়ে জ্ঞান থাকলে ভাল হয়।

খ) আবেদনকারীর কেন এই কর্মশালায় আবেদন করছেন তা ন্যূনতম ৫০০ শব্দের মধ্যে জানাতে হবে। এর সাথে আবেদনকারীর একটি সংক্ষিপ্ত জীবনপঞ্জী (Bio-note), শিক্ষা ও কর্মজীবন সম্পর্কিত তথ্য (CV) ও দুটি শংসাপত্র (Reference Letter) পাঠাতে হবে।

গ) কর্মশালায় আবেদনকারীকে আবেদনের সময় এবং নির্বাচিত হওয়ার পরে আয়োজকদের নির্ধারিত সব নিয়মাবলী অনুসরণ করতে হবে।

ঘ) আবেদনকারীদের মধ্যে কর্মশালায় কারা অংশগ্রহণ করার সুযোগ পাবেন সেই বিষয়ে উপযুক্ত কর্তৃপক্ষ নিয়োজিত নির্বাচকমণ্ডলী ঠিক করবেন। তাঁদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ: ৩ ফেব্রুয়ারি ২০২৫।

নির্বাচিত প্রার্থীদের ২০ ফেব্রুয়ারীর মধ্যে ইমেলের মাধ্যমে বিস্তারিত জানানো হবে। কর্মশালার নিবন্ধন ফি: ১০০০ টাকা।

আবেদনপত্র পাঠাতে নিম্নলিখিত ইমেল গুলিতে: rajatkanti@mcrq.ac.in এবং subhashree@mcrq.ac.in ও toilsr.2022@gmail.com.